# THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)

**6th Banking Professional Examination 2025**

**AIBB**

SHARIAH BASED BANKING (SBB)

**Subject Code:** | 2 | 1 | 1 |

Time—3 hours

Full marks—100

**Pass marks—45**

*[N.B. The figures in the right margin indicate full marks. Answer the questions as mentioned in different parts.]*

## Part A—Broad Questions

(Answer any **two** questions)

Marks—20×2=40

Marks

1. *(a)* What are the special features of trade and commerce in Islamic Economic System? 10

   *(b)* "The core function of banking is to ensure fund flow from the surplus unit to the deficit unit"—Discuss how Islamic Bank ensures it. 10

2. *(a)* Discuss in brief the Bai based investment modes of Islamic Banks. 10

   *(b)* What are the key features of Murabaha mode of investment? How is mark-up calculated in Murabaha? Describe with example. 10

3. *(a)* How does an Islamic Bank take refinancing facilities from Bangladesh Bank? Discuss in detail. 10

   *(b)* What kind of investment facilities are usually offered by the Islamic Banks to the exporters? 10

4. *(a)* What are the different methods used by the Shariah based banks to manage their Liquidity Crisis? Describe in brief. 10

   *(b)* Why Shariah compliance is necessary for the Shariah based banks? Who is ultimately responsible for Shariah compliance in Islamic banks? 10

## Part B—Mathematical Problem

(Answer any **one** questions)

Marks—10×1=10

5. Mr. 'X' approached an Islamic bank for setting up an Auto Rice Mill. He needs taka 60 lacs for purchasing a piece of land, 90 lacs for constructing a building, 1 crore for purchasing machinery, 10 lacs for miscellaneous expenses and 40 lacs for initially purchasing paddy. He wants to invest 50% of the mentioned expenses from his own sources and the remaining funds from the bank under a Hire Purchase under Shirkatul Melk (HPSM). The bank agreed under the condition that Mr. 'X' would pay 10% rent on the invested amount annually and repay taka 5 lacs monthly from the principal amount. If instalments are duly paid, how much money will have to pay the bank as rent to fully own the Auto Rice Mill? 10

6. Mr. 'A' opened a Mudaraba Savings Deposit Account in an Islamic bank. In the month of April 2024, his deposit and withdrawal of money is given below: 10

| Date | Balance | Date | Balance | Date | Balance |
|---|---|---|---|---|---|
| 01/04 | 12,000 | 11/04 | 12,000 | 21/04 | 5,000 |
| 02/04 | 12,000 | 12/04 | 12,000 | 22/04 | 12,500 |
| 03/04 | 12,000 | 13/04 | 12,000 | 23/04 | 12,500 |
| 04/04 | 12,000 | 14/04 | 12,000 | 24/04 | 12,500 |
| 05/04 | 12,000 | 15/04 | 12,000 | 25/04 | 12,500 |
| 06/04 | 12,000 | 16/04 | 5,000 | 26/04 | 9,000 |
| 07/04 | 12,000 | 17/04 | 5,000 | 27/04 | 9,000 |
| 08/04 | 12,000 | 18/04 | 5,000 | 28/04 | 9,000 |
| 09/04 | 12,000 | 19/04 | 5,000 | 29/04 | 9,000 |
| 10/04 | 12,000 | 20/04 | 5,000 | 30/04 | 9,000 |

If distributable profit to Mudaraba savings depositors is declared 10%, then calculate the profit of Mr. 'A' for April 2024 using Daily Products Basis Method (Profit distribution based on daily status).

*[Please turn over*

## Part C—Problem solving
(Solve any one case)
Marks—20×1=20

Marks

7. **Case 1: Coexistence of Islamic and Conventional Banking Operations.** 20

**Case scenario:** Some conventional banks in Bangladesh started Islamic banking windows due to rapid popularity of Islamic banking system. From the very beginning Muslims and even non-Muslims are every interested in its customer friendly dynamic systems and procedures. They think it is more reliable. Muslims believe that usury is haram. As a result its customers are increasing day by day. So conventional banks started Islamic banking based on customer demand. But the concern is that two contradictory financial systems, conventional and Islamic, are in same place seems not good. For example—

*(i)* Procedural conflict: Two types of contradictory business goals, objectives, procedures, plans and policies are guided by two completely separate principles. This could lead Shariah- based banking to be flowed and customer dissatisfaction, which could call Islamic banking into question.

*(ii)* Profit distribution: The main problem of Islamic banking windows is their profit distribution system.

*(iii)* Islamic environment: Lack of Islamic environment is also seen there.

*(iv)* Lack of knowledge in Shariah: Another problem is many of the directors do not have sufficient knowledge about Islamic Shariah.

**Task:** Suppose, being a conventional banking professional you are now working in and Islamic banking window. As a part of the unit advising the central bank, analyze the advantages, disadvantages and risks of Islamic banking windows of conventional banks and recommend the best strategy in approving this kind of banking practices.

**Questions :**

*(a)* General banking and Islamic banking are two streams that how can go together?

*(b)* What problems are you facing to run your Islamic banking window?

*(c)* What are the feelings of customers in Islamic banking activities in conventional banks?

*(d)* Do you think you are lacking in any areas or need updating?

8. **Case 2: Liquidity crisis in Shariah based banks of Bangladesh.** 20

**Case scenario:** In 2023, several Shariah based banks in Bangladesh began facing a severe liquidity crisis. Reports emerged that some Shariah based banks were unable to meet the growing demand for withdrawals by depositors. Confidence in these banks started to erode due to concerns over:

—Excessive financing to related parties (group exposure);
—Weak governance and oversight;
—Political influence;

Unlike conventional banks, Islamic banks in Bangladesh do not have access to conventional interbank borrowing or interest-based tools. This made liquidity management more challenging.

**Task:** As prudent Islamic banker, your task is to analyze the reasons for the liquidity stress in Islamic banks and recommend sustainable solutions. Your analysis should consider both regulatory and Shariah-compliant market-based mechanism.

**Questions :**

*(a)* What are the key causes of the liquidity crisis in Shariah based banks of Bangladesh?

*(b)* How does the lack of Islamic money market instruments affect liquidity management in Shjariah based banks?

*(c)* What role can the central bank play in managing liquidity risk in Shariah based banks without compromising Shariah Principles?

*(d)* Suggest at least two Short-term and two Long-term solutions to prevent future liquidity crisis in Shariah-based banks of Bangladesh.

## Part D—Understanding Terminology
Marks—2×5=10

9. Compare and contrast between any **five** of the following : 2×5=10

*(a)* Zakat vs Sadaqah;
*(b)* Quran vs Sunnah;
*(c)* Riba Al-Nasiah vs Riba Al-Fadl;
*(d)* Compensation of Islamic banks vs Penal interest of conventional banks;
*(e)* Constructive possessions vs Physical possessions;
*(f)* Mudarib vs Shahib Al-Maal;
*(g)* Al-Wadiah Account vs Mudaraba Account;
*(h)* Board of Director vs Shariah Supervisory Board;
*(i)* Onshore Banking vs Offshore Banking;
*(j)* Bangladesh Government Islamic Investment Bond (BGIIB) vs Mudaraba Subordinated Bond.

**Part E—Short Questions**
(Answer **all** the questions)
Marks—2×10=20

10. Briefly answer the following questions:
   *(a)* Mention the unique nature of Money in Islamic banking.
   *(b)* What do you mean by liquidity?
   *(c)* Discuss the objectives of AAOIFI.
   *(d)* Define Cash Reserve Ratio (CRR) and Statutory Liquidity Ratio (SLR).
   *(e)* Define pre-finance with example.
   *(f)* What is Riba?
   *(g)* What do you mean by Hajj Deposit Account?
   *(h)* What are the duties of a Board of Directors?
   *(i)* What are the features of Musharakah investment mode?
   *(j)* What are the key features of Ijarah?

**[বাংলা অনুবাদ]**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নলিখিত বিভিন্ন বিভাগের প্রশ্নের উত্তর দিন।]

**ক বিভাগ—বর্ণনামূলক প্রশ্ন**
(যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন)
মান—২০×২=৪০

নম্বর

১। (ক) ইসলামিক অর্থব্যবস্থায় ব্যবসা এবং বাণিজ্যের বিশেষ বৈশিষ্ট্যগুলো কী কী? ১০
(খ) "উদ্বৃত্ত ইউনিট হতে ঘাটতি ইউনিটে তহবিল প্রবাহ নিশ্চিত করা ব্যাংকিং এর মূল কাজ।"—ইসলামিক ব্যাংক কীভাবে এটি নিশ্চিত করে তা আলোচনা করুন। ১০

২। (ক) ইসলামিক ব্যাংকসমূহের বাই ভিত্তিক বিনিয়োগ পদ্ধতিসমূহ আলোচনা করুন। ১০
(খ) মুরাবাহা বিনিয়োগ পদ্ধতির মূল বৈশিষ্ট্যসমূহ কী কী? মুরাবাহা বিনিয়োগে মুনাফা হিসাবায়ন কীভাবে করা হয়? উদাহরণসহ বর্ণনা করুন। ১০

৩। (ক) ইসলামিক ব্যাংক বাংলাদেশ ব্যাংক থেকে কীভাবে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করে? বিস্তারিত আলোচনা করুন। ১০
(খ) ইসলামিক ব্যাংকসমূহে রপ্তানিকারকদের জন্য সাধারণত কী কী ধরনের বিনিয়োগ সুবিধা রয়েছে? ১০

৪। (ক) তারল্য সংকট মোকাবিলায় শরীয়াহভিত্তিক ব্যাংকগুলো কী ধরনের পদ্ধতি গ্রহণ করে থাকে? সংক্ষেপে বর্ণনা করুন। ১০
(খ) শরীয়াহভিত্তিক ব্যাংকগুলোতে শরীয়াহ পরিপালনের প্রয়োজনীয়তা রয়েছে কেন? ইসলামিক ব্যাংকে শরীয়াহ পরিপালনের চূড়ান্ত দায়িত্ব কাদের উপর? ১০

**খ বিভাগ—গাণিতিক সমস্যা**
(যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন)
মান—১০×১=১০

৫। ইংরেজি অংশ দেখুন। ১০

৬। ইংরেজি অংশ দেখুন। ১০

**গ বিভাগ—সমস্যা সমাধান**
(যে কোনো **একটি** সমাধান করুন)
মান—২০×১=১০

৭। **ঘটনা ১: ইসলামিক ও প্রচলিত ব্যাংকিং কার্যক্রমের সহাবস্থান।** ২০

**দৃশ্যপট:** বাংলাদেশের কয়েকটি প্রচলিত ব্যাংক ইসলামিক ব্যাংকিং এর জনপ্রিয়তার কারণে ইসলামিক ব্যাংকিং উইন্ডো (window) গঠন করেছে। ইসলামিক ব্যাংকিং চালু করার পর মুসলিমগণ এমনকি অমুসলিমদের অনেকেই এর গ্রাহকবান্ধব গতিশীল ব্যবস্থাপনা ও পদ্ধতির কারণে আগ্রহী হয়ে উঠেছেন। তারা এটিকে অধিকতর নিরাপদ ও নির্ভরযোগ্য মনে করেছেন। মুসলিমগণ বিশ্বাস করেন যে, সুদ হারাম। ইসলামিক ব্যাংকিং গতিশীল হওয়ায় এর গ্রাহক সংখ্যা প্রতিদিনই বৃদ্ধি পাচ্ছে। এ কারণে প্রচলিত ব্যাংকগুলো গ্রাহকের চাহিদার ভিত্তিতে ইসলামিক ব্যাংকিং শুরু করেছে। তবে উদ্বেগের বিষয় হচ্ছে, প্রচলিত ও ইসলামিক দুটি বিপরীতমুখী আর্থিক ব্যবস্থা একই স্থানে থাকা বিরোধপূর্ণ। উদাহরণস্বরূপ—

*(i)* পদ্ধতিগত বিরোধ : দুটি ব্যবসায়িক প্রক্রিয়া সম্পূর্ণ বিপরীতধর্মী লক্ষ্য, উদ্দেশ্য, প্রক্রিয়া, পরিকল্পনা ও নীতি দ্বারা পরিচালিত। এটি শরীয়াহভিত্তিক ব্যাংকিং কার্যক্রমকে ক্রটিপূর্ণ করতে পারে যা গ্রাহকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি করে ইসলামিক ব্যাংকিংকে প্রশ্নবিদ্ধ করতে পারে।

*(ii)* মুনাফা বণ্টন: ইসলামিক ব্যাংকিং উইন্ডোসমূহের প্রধান সমস্যা হলো মুনাফা বণ্টন পদ্ধতি।

*(iii)* ইসলামিক পরিবেশ: সেখানে ইসলামিক পরিবেশের ঘাটতি দেখা যায়।

*(iv)* শরীয়াহ জ্ঞানের অভাব: অপর একটি সমস্যা হলো, প্রচলিত ব্যাংকের পরিচালকদের অধিকাংশেরই শরীয়াহ জ্ঞানের অভাব রয়েছে।

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

**কাজ:** ধরুন, প্রচলিত ব্যাংকের কর্মকর্তা হয়েও আপনি এখন ইসলামিক ব্যাংকিং উইন্ডোতে দায়িত্ব পালন করছেন। একজন ব্যাংকার হিসেবে কেন্দ্রীয় ব্যাংককে পরামর্শ প্রদানের নিমিত্ত প্রচলিত ব্যাংকের ব্যবস্থাপনায় পরিচালিত ইসলামিক ব্যাংকিং উইন্ডোর সুবিধা, অসুবিধা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করুন এবং এ ধরনের ব্যাংকিং ব্যবস্থা অনুমোদনের ক্ষেত্রে সর্বোত্তম কৌশল সুপারিশ করুন।

**প্রশ্নসমূহ:**

(ক) প্রচলিত এবং ইসলামিক দুটি ভিন্ন ধারার ব্যাংকিং কীভাবে একত্রে চলতে পারে?

(খ) ইসলামিক ব্যাংকিং উইন্ডো পরিচালনা করতে আপনাকে কী কী সমস্যা মোকাবিলা করতে হচ্ছে?

(গ) প্রচলিত ব্যাংকের ব্যবস্থাপনায় ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হওয়ায় গ্রাহকদের অনুভূতি কেমন দেখছেন?

(ঘ) আপনি কি মনে করেন যে, এরূপ ক্ষেত্রে আপনি কোনো ঘাটতি অনুভব করছেন বা সংস্কার প্রয়োজন?

৮। **ঘটনা ২:** বাংলাদেশের শরীয়াহ ভিত্তিক ব্যাংকসমূহে তারল্য সংকট। ২০

**দৃশ্যপট:** ২০২৩ সালে বাংলাদেশের বেশ কয়েকটি শরীয়াহভিত্তিক ব্যাংক মারাত্মক তারল্য সংকটে পড়ে। জানা যায়, কিছু শরীয়াহভিত্তিক ব্যাংক আমানতকারীদের নগদ উত্তোলনের চাহিদা মেটাতে ব্যর্থ হচ্ছিল। নিচের কিছু কারণে এসব ব্যাংকের প্রতি গ্রাহকদের আস্থা কমে যেতে থাকে:

—একই গ্রুপের প্রতিষ্ঠানে অতিরিক্ত অর্থায়ন (গ্রুপ এক্সপোজার);

—দুর্বল পরিচালনা ও তদারকি ব্যবস্থা;

—রাজনৈতিক প্রভাব।

বাংলাদেশের ইসলামিক ব্যাংকসমূহ প্রচলিত সুদভিত্তিক আন্তঃব্যাংক ধার অথবা অর্থ বাজারে প্রবেশ করতে পারেনা। ফলে তাদের তারল্য ব্যবস্থাপনা আরও জটিল হয়ে পড়ে।

**কাজ:** একজন সুবিবেচক ইসলামিক ব্যাংকার হিসেবে, আপনাকে ইসলামিক ব্যাংকসমূহে তারল্য সংকটের কারণ বিশ্লেষণ করতে হবে এবং টেকসই সমাধান সুপারিশ করতে হবে। আপনার বিশ্লেষণে রেগুলেটরি দৃষ্টিভঙ্গি এবং শরীয়াহসম্মত বাজারভিত্তিক ব্যবস্থাগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।

**প্রশ্নসমূহ:**

(ক) বাংলাদেশের শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহে তারল্য সংকটের প্রধান কারণগুলো কী কী?

(খ) ইসলামিক অর্থবাজারের ইনস্ট্রুমেন্টস এর অভাব কীভাবে শরীয়াহভিত্তিক ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থাপনাকে প্রভাবিত করে?

(গ) শরীয়াহ নীতিমালা অক্ষুণ্ন রেখে শরীয়াহভিত্তিক ব্যাংকের তারল্য ঝুঁকি ব্যবস্থাপনায় কেন্দ্রীয় ব্যাংকের কী ভূমিকা থাকতে পারে?

(ঘ) ভবিষ্যতে শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহে তারল্য সংকট প্রতিরোধে কমপক্ষে দুটি স্বল্পমেয়াদি এবং দুটি দীর্ঘমেয়াদি সমাধানের প্রস্তাব দিন।

## ঘ বিভাগ—পরিভাষা অনুধাবন

মান—২×৫=১০

৯। তুলনা এবং পার্থক্য লিখুন (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) যাকাত বনাম সাদাকাহ;

(খ) কুরআন বনাম সুন্নাহ;

(গ) রিবা আল-নাসিয়াহ বনাম রিবা আল-ফাদল;

(ঘ) ইসলামিক ব্যাংকের কমপেনসেশন বনাম কনভেনশনাল ব্যাংকের পেনাল সুদ;

(ঙ) কনস্ট্রাকটিব পজেশনস্ বনাম ফিজিক্যাল পজেশনস্;

(চ) মুদারিব বনাম সাহিব-আল-মাল;

(ছ) আল-ওয়াদিয়া হিসাব বনাম মুদারাবা হিসাব;

(জ) পরিচালনা পর্ষদ বনাম শরীয়াহ সুপারভাইজরি বোর্ড;

(ঝ) অনশোর ব্যাংকিং বনাম অফশোর ব্যাংকিং;

(ঞ) বাংলাদেশ গভর্নমেন্ট ইসলামিক ইনভেস্টমেন্ট বন্ড (BGIIB) বনাম মুদারাবা সাবঅরডিনেটেড বন্ড।

## ঙ বিভাগ—সংক্ষিপ্ত প্রশ্ন

(সকল প্রশ্নের উত্তর দিন)

মান—২×১০=২০

১০। নিম্নলিখিত প্রশ্নসমূহের সংক্ষিপ্ত উত্তর দিন: ২×১০=২০

(ক) ইসলামিক ব্যাংকিং এ অর্থের ইউনিক বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(খ) তারল্য (Liquidity) বলতে কী বুঝায়?

(গ) আওফি (AAOIFI) এর উদ্দেশ্যসমূহ আলোচনা করুন।

(ঘ) 'ক্যাশ রিজার্ভ রেশিও' এবং 'স্ট্যাটুইটরি লিকুইডিটি রেশিও' এর সংজ্ঞা দিন।

(ঙ) উদাহরণসহ প্রাক অর্থায়নের সংজ্ঞা প্রদান করুন।

(চ) 'রিবা' কী?

(ছ) 'হজ জমা হিসাব' বলতে কী বুঝায়?

(জ) পরিচালনা পর্ষদের দায়িত্বসমূহ কী কী?

(ঝ) মুশারাকা বিনিয়োগ পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ কী কী?

(ঞ) ইজারা এর প্রধান বৈশিষ্ট্যসমূহ কী কী?